



স্মারক নং- ০৫.৩০.৯৩৮৫.০০০.১৬.০৭৩.১৯- ৬০১

তারিখ : ০৬ ভাদ্র, ১৪২৭ বাংলা
১৮ আগস্ট, ২০২০ খ্রি.

বিষয় : মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন।

সূত্র : স্মারক নং- ৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০-১৯৯, তারিখ: ২১.০৭.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শপিংমল-মার্কেট, হাট-বাজার, মসজিদ-মন্দির, গণপরিবহন, হোটেল-রেস্টুরেন্টসহ অন্যান্য জনবহুল স্থানগুলোতে জনগণ মাস্ক সঠিকভাবে ব্যবহার করছেন না। করোনা ভাইরাস (কোভেড-১৯) এর সংক্রমণ প্রতিরোধের লক্ষ্যে মাস্ক আবশ্যিকভাবে ব্যবহারের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের জন্য শতভাগ মাস্ক ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনামূলক পরিপত্র জারী করা হয়েছে (কপি সংযুক্ত)। পরিপত্রের নির্দেশনা অনুসরণপূর্বক শতভাগ মাস্ক ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে ইতোপূর্বে গঠিত স্বেচ্ছাসেবক টিমকে সক্রিয় করে তাদের মাধ্যমে শতভাগ মাস্ক ব্যবহার নিশ্চিত করণের জন্যও অনুরোধ করা হলো। অন্যথায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে ব্যর্থতার দায় তাঁর উপর বর্তাবে।

০২। হাট-বাজার ও শপিংমল-মার্কেটসহ জনবহুল স্থানে (Public Place) কোন ব্যক্তি মাস্ক ব্যতিত প্রবেশ করতে পারবে না এবং মাস্ক পরিহিত না থাকলে কোন ক্রেতার নিকট পণ্য বিক্রি করা যাবে না। সংশ্লিষ্ট হাট-বাজার ইজারাদার ও বণিক সমিতির সভাপতি-সম্পাদক/মার্কেট মালিক সমিতি এ বিষয়টি নিশ্চিত করবেন। কোন ব্যক্তি মাস্ক ব্যতিত হাট-বাজার ও শপিংমল-মার্কেটে প্রবেশ করলে এর দায় মার্কেট মালিক সমিতি, বণিক সমিতি ও ইজারাদারের উপর বর্তাবে এবং আইনের আওতায় আনা হবে।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: পরিপত্র ০১ (এক) পাতা।

০১. মেয়র, সখিপুর পৌরসভা, সখিপুর, টাঙ্গাইল।
০২. চেয়ারম্যান,(সকল) ইউপি, সখিপুর, টাঙ্গাইল।
০৩. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সখিপুর, টাঙ্গাইল।
০৪. সভাপতি/সম্পাদক..... বণিক সমিতি/মার্কেট মালিক সমিতি, সখিপুর, টাঙ্গাইল।
০৫. সভাপতি/সম্পাদক..... জামে মসজিদ/মন্দির, সখিপুর, টাঙ্গাইল।
০৬. জনাব ইজারাদার..... হাট, সখিপুর, টাঙ্গাইল।

(আসমাউল হসনা লিজা)
উপজেলা নির্বাহী অফিসার
সখিপুর, টাঙ্গাইল।

☎-০৯২৩২-৫৬০০১

unoshakhipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৯৩৮৫.০০০.১৬.০৭৩.১৯- ৬০১

তারিখ : ০৬ ভাদ্র, ১৪২৭ বাংলা
আগস্ট, ২০২০ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
০৩. সহকারী কমিশনার (ভূমি), সখিপুর, টাঙ্গাইল।
০৪. অফিসার-ইন-চার্জ, সখিপুর থানা, সখিপুর, টাঙ্গাইল।
০৫. সভাপতি, সখিপুর প্রেসক্লাব, সখিপুর, টাঙ্গাইল।
০৬. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
সখিপুর, টাঙ্গাইল।